

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোববার তিব্বত হল দখল করবে ছাত্রলীগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেদখলে থাকা তিব্বত হল আগামী রোববার দখল (পুনরুদ্ধার) করতে যাওয়ার ঘোষণা দিয়েছেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। একই সঙ্গে সব বিভাগে ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দেওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা একটার দিকে উপাচার্য ভবন অবরোধ শেষে এ কর্মসূচি দেওয়া হয়।

পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী গতকাল সকাল সাড়ে ১০টার দিকে বিকোড মিছিল বের করেন ছাত্রলীগের নেতা-কর্মী ও সাধারণ শিক্ষার্থীরা। মিছিল নিয়ে বেলা ১১টার দিকে উপাচার্য ভবনের সামনে টায়ারে আঁগন ছািপিয়ে অবরোধ করেন তাঁরা। উপাচার্য মীতানুর রহমান কোষাধ্যক্ষ মো. সেলিম তাঁইয়া, রেজিস্ট্রার মো. ওহিদুজ্জামানসহ প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীরা এ সময় ভেতরে ছিলেন। পরে বেলা

একটার দিকে উপাচার্য ভবনের নামে হুমকি বর্ষণ করেন শিক্ষার্থীরা। এরপর অবরোধ প্রত্যাহার করা হয়। সমাবেশে বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃতি পেলেও আবাসন-পুঁজিবাহকিত শিক্ষার্থীরা তাই তিব্বতসহ আরও ১০টি হল উদ্ধার ও নতুন হল নির্মাণকাজ শুরু করা পর্যন্ত আন্দোলন চলবে। সমাবেশ থেকে আগামী রোববার তিব্বত হল দখলের ঘোষণাও দেওয়া হয়।

সমাবেশে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক সিরাজুল ইসলামসহ বিভিন্ন বিভাগের সাধারণ শিক্ষার্থীরা বক্তব্য দেন। শরিফুল ইসলাম বলেন, সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে তিব্বত হল দখলের কর্মসূচি দেওয়া হয়েছে।

এ বিষয়ে প্রক্টর অশোক কুমার সাহা বলেন, শিক্ষার্থীদের আন্দোলন যৌক্তিক। কিন্তু তাঁদের কর্মসূচি সম্পর্কে অবগত নই।